



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৪০৪

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭

২৯ অক্টোবর ২০২০

বিষয়: সরকারি আবদুর রসিদ তালুকদার কলেজ, দশমিনা, পটুয়াখালী এর জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদান প্রসঙ্গে।

- সূত্র: (১) স্মারক নং ৭জি/১৯২(ক-৩)/০৬(অংশ-১)/৪৫১০/২ তারিখ : ১৭.১০.২০১৯ খ্রি.
(২) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৫৫ তারিখ : ০৬.০২.২০২০ খ্রি.
(৩) স্মারক নং ০৫.১০.৭৮৫২.০০২.০০.০০২.১৯-২৬২ তারিখ : ১৯.০৩.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি আবদুর রসিদ তালুকদার কলেজ, দশমিনা, পটুয়াখালী এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার প্রদানের বিষয়ে ২ নং সূত্রোক্ত মোতাবেক পত্র প্রেরণ করা হয়। পটুয়াখালী জেলার সরকারি আবদুর রসিদ কলেজের সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, দশমিনা, পটুয়াখালী তাঁর প্রেরিত ১৯.০৩.২০২০ তারিখের আবেদন ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট কলেজে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিগত ১৭.১০.২০১৯ তারিখের পত্রের প্রেক্ষিতে জ্যেষ্ঠ শিক্ষক-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। কিন্তু কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সুচেতা দাস অত্র অধিদপ্তরের বিগত ১৭.১০.২০১৯ তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে সহকারী জজ আদালত এ দেওয়ানী মোকদ্দমা নং ৮২/২০১৯ দায়ের করেন। উক্ত দেওয়ানী মোকদ্দমায় অধিদপ্তরের পত্রকে স্থগিত করা হয় এবং মামলাটি এখনও চূড়ান্ত রায় হয়নি। এ অবস্থায় অধিদপ্তরের সিদ্ধান্ত :

- (১) কলেজের অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) হিসেবে মামলার রায় না হওয়া পর্যন্ত জনাব সুচেতা দাস দায়িত্ব পালন করবেন;
(২) দেওয়ানী মোকদ্দমা নং ৮২/২০১৯ এর বিরুদ্ধে আপীল দায়েরসহ মূল মোকদ্দমায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

২৯-১০-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দশমিনা, পটুয়াখালী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.১৯.৪০৪/১(৩)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭

২৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
২) উপপরিচালক(কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সরকারি আবদুর রসিদ তালুকদার কলেজ, দশমিনা, পটুয়াখালী।

৯৮৫৮

২৯-১০-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক